গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন শাখা-২
www.ssd.gov.bd

# পরিপত্র

নং-৫৮.০০.০০০০.০৪১.১৯.০০১.১৮-৩৩৪ তারিখ: ৪ ডিসেম্বর, ২০২৪

বিষয়: বাংলাদেশে আগত বিদেশি নাগরিকদের অবৈধ অবস্থান নিয়মিতকরণের পদ্ধতি।

সূত্র: (১) স্বঃমঃ (বহি-২)/১-পি-৭/২০০৬/৫১৫ তারিখ: ৪ এপ্রিল, ২০০৭।
(২) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৪৪.৯৯.০১০.২১.৩২০, তারিখ: ২৬ নভেম্বর, ২০২৪।

উপর্যুক্ত বিষয়ে (১)নং সূত্রে ইতোপূর্বে জারিকৃত পরিপত্রটি নিম্নরূপে সংশোধন করা হলো:

২। বাংলাদেশে আগমনকারী বিদেশি নাগরিকদের অবৈধ অবস্থান নিয়মিতকরণের বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ/স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিদ্যমান নির্দেশাবলী সংশোধনপূর্বক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) বাংলাদেশে বৈধ ভিসায় আগত বিদেশি নাগরিকদের অবৈধ অবস্থানের জন্য নিম্নোক্ত হারে জরিমানা আদায় সাপেক্ষে অবৈধ অবস্থান নিয়মিত করা যাবে:

(i) অবৈধ অবস্থানের প্রথম ১৫ (পনেরো) দিনের ক্ষেত্রে প্রতিদিনের জন্য বাংলাদেশি মুদ্রায় ১,০০০/-(এক হাজার) টাকা হারে;

(ii) অবৈধ অবস্থানের মেয়াদ ১৫ (পনেরো) দিনের অতিরিক্ত হলে সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন পর্যন্ত প্রতিদিন ২,০০০/-(দুই হাজার) টাকা হারে এবং;

(iii) অবৈধ অবস্থানের মেয়াদ ৯০ (নব্বই) দিন অতিক্রান্ত হলে প্রতিদিন ৩,০০০/-(তিন হাজার) টাকা হারে জরিমানা আদায় করা যাবে একই সাথে অবৈধ অবস্থানের কারণে সংশ্লিষ্ট বিদেশি নাগরিকের বিরুদ্ধে ফরেনার্স এ্যাক্টের (১৯৪৬ সনের ৩১ নং আইন) আওতায় সংশ্লিষ্ট আদালতে মামলা রজু করা যেতে পারে। এই আদেশবলে মামলা রজু করার জন্য অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, বিশেষ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারবেন।

(খ) বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশি নাগরিক/বাংলাদেশি নাগরিকের বিদেশি স্বামী/স্ত্রী ও সন্তাদের অবৈধ অবস্থানের জরিমানা মওকুফ করা যাবে।

(গ) অধ্যয়নরত বিদেশি ছাত্র/ছাত্রীদের ৩ (তিন) মাস পর্যন্ত অবৈধ অবস্থানের জরিমানা মওকুফ করা যাবে। তবে অবৈধ অবস্থান ৩ (তিন) মাসের অধিক হলে সর্বোচ্চ ৩,০০০ (তিন হাজার) টাকা জরিমানা আদায় করা যাবে।

৩। অবৈধ অবস্থানের জন্য ধার্য্যকৃত জরিমানা মওকুফের বিষয়টি বিবেচনার প্রয়োজন হলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিম্নোক্ত ক্ষেত্রে মতামতসহ প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগ/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করতে পারবে:

(ক) শারীরিক অসুস্থতা: শারীরিক অসুস্থতার কারণে অবস্থান অবৈধ হলে সংশ্লিষ্ট সিভিল সার্জন অথবা অধ্যাপক/সহযোগী অধ্যাপক কর্তৃক প্রদত্ত চিকিৎসা সনদের ভিত্তিতে উক্ত জরিমানা মওকুফের জন্য পেশকৃত আবেদন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর যথাযথভাবে পরীক্ষা করে উপযুক্ত সুপারিশসহ তা সুরক্ষা সেবা বিভাগ/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে অসুস্থতার জন্য অবৈধ অবস্থান ৫ (পাঁচ) দিনের অতিরিক্ত হলে হাসপাতালে ভর্তি আছে/হয়েছিল মর্মে হাসপাতাল কর্তৃপক্ষের সার্টিফিকেট জমা প্রদান করতে হবে।

(খ) অন্যান্য কারণ: অন্য কোন যুক্তিসংগত কারণে অবস্থান অবৈধ হয়ে থাকলে তার সুস্পষ্ট যুক্তিসংগত কারণ এবং বিস্তারিত ব্যাখ্যাসহ প্রদেয় জরিমানা মওকুফের আবেদন উক্ত অধিদপ্তর উপযুক্ত সুপারিশসহ সরকারের বিবেচনার জন্য প্রেরণ করতে পারবে।

(গ) বর্ণিত সুপারিশসমূহ মহাপরিচালক অথবা পরিচালক এর স্বাক্ষরে সুরক্ষা সেবা বিভাগ/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত অবস্থানের জন্য সংশ্লিষ্ট পাসপোর্টধারী বিমান/স্থল বন্দরে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর/ ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট উপস্থিত হয়ে আদায়যোগ্য জরিমানা, সার্ভিস চার্জ ও ভিসা ফি পরিশোধ করে বাংলাদেশ ত্যাগ করতে পারবেন। তবে জরিমানা, সার্ভিস চার্জ ও ভিসা ফি বাবদ নগদ অর্থ গ্রহণ করা যাবে না। বাংলাদেশ সরকারের তফসিলি ব্যাংকে নির্ধারিত কোডে উক্ত অর্থ জমা প্রদানপূর্বক জমার রসিদ উপস্থাপন করলে সংশ্লিষ্ট পাসপোর্টধারীকে বাংলাদেশ ত্যাগ করার অনুমতি প্রদান করা যাবে। পাসপোর্টে অবৈধ অবস্থানের মেয়াদ ও জরিমানার পরিমাণ উল্লেখ করতে হবে।

৫। অনিবার্য কারণে যেমন: প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা, ফ্লাইট বাতিল ইত্যাদি কারণে কেউ অবৈধ অবস্থান করলে তার অবস্থানের মেয়াদ অবৈধ বলে গণ্য হবে না।

৬। এই পরিপত্র কার্যকর হওয়ার পর ইত:পূর্বে এ বিষয়ে জারিকৃত সকল পরিপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৭। অতিবাস জরিমানা পুন:নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

জনস্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪।১২।২০২৪

(কানিজ ফাতেমা)
উপসচিব
ফোন: ০২-৯৫৪৬৬২৮
e-mail:immi2@ssd.gov.bd

**<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৭। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সংশোধিত পরিপত্রের অনুলিপি সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮। সিনিয়র সচিব/সচিব ..................................................।
৯। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
১৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)/বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)/বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ঢাকা।
১৪। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ (এসবি), রাজারবাগ, ঢাকা।
১৫। সভাপতি, এফবিসিসিআই, মতিঝিল বা/এ, ঢাকা।
১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। অফিস কপি/মাস্টার কপি।